



টিকাকরণ

ভ্যাকসিন নিলে আমি কি অসুস্থ হব?

- না, ভ্যাকসিন থেকে আপনার COVID-19 হবে না। প্রথম ও দ্বিতীয় শট নেওয়ার পরে আপনার কিছু প্রতিক্রিয়া হতে পারে, তবে সেই লক্ষণগুলো কয়েক দিনের মধ্যে চলে যাবে। যদি না যায় তাহলে আপনার ডাক্তারকে কল করুন।
- সাধারণ প্রাণ-প্রতিক্রিয়াগুলির মধ্যে হাত ব্যথা (যেখানে আপনি শট নেবেন), স্বর, পেশীর ব্যথা, মাথা ব্যথা অন্তর্ভুক্ত রয়েছে।

ভ্যাকসিন নেওয়ার পরও কি আমাকে মাস্ক পরতে হবে?

- হ্যাঁ যেহেতু সবাইকে টিকা দেওয়া হয় নি এবং এখনও COVID-19 এর নতুন সংক্রামক রূপ রয়েছে, আপনার মাস্ক পরে রাখা, সামাজিক দূরত্ব বজায় রাখা এবং হাত ধোওয়া অব্যাহত রাখা উচিত।

আমার প্রদান করা তথ্য কি অভিবাসন পরিষেবা দ্বারা ব্যবহার করা হবে?

- না। আপনি আমাদের যে তথ্য প্রদান করবেন তার কোনোটিই অভিবাসন পরিষেবা অথবা সরকার দ্বারা আপনাকে, আপনার পরিবারকে অথবা আপনার প্রতিবেশীদের ট্র্যাক করার জন্য ব্যবহার করা হবে না। তথ্যগুলি আমাদের এটা জানতে সাহায্য করার জন্য যে করা ইতিমধ্যে ভ্যাকসিন নিয়েছে এবং করা এখনও এটির সুবিধা নিতে পারেনি।

পরীক্ষা করার জন্য অথবা ভ্যাকসিন নেওয়ার জন্য গাড়ির প্রয়োজন নেই। আপনাকে একজন LCHC এর রোগী হওয়ার প্রয়োজন নেই বা স্বাস্থ্য বীমা থাকার প্রয়োজন নেই।

আপনার ভ্যাকসিন অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণ করুন:



Massachusetts এর যে কোনও বাসিন্দার জন্য খোলা রয়েছে

<https://www.lchcnet.org/covid-19-vaccine-scheduling>

অধিক তথ্য:

<https://www.lchcnet.org/covid-19-vaccine-information>

মোবাইল ভ্যাকসিন ক্লিনিক আমরা আপনার কাছে ভ্যাকসিন নিয়ে আসবো!



<https://www.lchcnet.org/mobile-vaccination-program>

- ব্যবসায় স্থল, সম্প্রদায় সংস্থা, উপাসনা করার স্থানের জন্য
- আপনার অবস্থানে অথবা অন্য কোনো প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা করে
- আমরা আপনার প্রতিষ্ঠানের সাথে মিলে এটিকে যথাযথভাবে করতে প্রতিশ্রুতিবদ্ধ

পরীক্ষা করা

কেন আমার পরীক্ষা করানো উচিত?

- COVID-19 পজিটিভের হার ট্র্যাক করা আমাদের কমিউনিটিকে নিরাপদে পুনরায় খুলতে এবং আমাদের প্রিয়জনদের রক্ষা করতে সাহায্য করবে।
- ভ্যাকসিন সরবরাহ সীমিত এবং এখনও সবাই ভ্যাকসিন নেয়নি
- ভ্যাকসিনগুলি 100% কার্যকর নয়, যদিও সেগুলি অতি মাত্রায় সহায়ক এবং খুবই নিরাপদ
- ✓ প্রাপ্তবয়স্ক এবং শিশু সবাই পরীক্ষা করতে পারেন
- ✓ আপনার স্বাস্থ্য বীমা থাকার প্রয়োজন নেই
- ✓ আপনাকে আপনার অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করা হবে না

আমাদের বিনামূল্যের পরীক্ষার সময়গুলি দেখে নিন:

<https://www.lchcnet.org/covid-19-testing-information>

চলে আসলেই পরীক্ষা করা হবে

